



## শিক্ষা প্রশাসনে ব্যাপক রদবদল

প্রকাশিত: ৩১ - মে, ২০১৯ ১২:০০ এ. এম.

- মাউশিতে নিয়োগ পরীক্ষার ফল প্রকাশের নির্দেশ

স্টাফ রিপোর্টার ॥ শিক্ষা প্রশাসনে বড় ধরনের রদবদল করেছে শিক্ষা মন্ত্রণালয়। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর (মাউশি), জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি), পরিদর্শন ও নিরীক্ষা অধিদফতর, জাতীয় শিক্ষা ব্যবস্থা একাডেমি (নায়েম)সহ বিভিন্ন দফতরে বেশ কিছু গুরুত্বপূর্ণ পদে পরিবর্তন আনা হয়েছে। ওএসডি (বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা) ও নতুন পদে পদায়ন করা হয়েছে অনেক কর্মকর্তাকে।

নতুন মন্ত্রী ডাঃ দিপু মনি দায়িত্ব গ্রহণের পর থেকেই শিক্ষা প্রশাসনে বড় রদবদলের আভাস পাওয়া যাচ্ছিল। নতুন মন্ত্রী দায়িত্ব নেয়ার পর এ নিয়ে দ্বিতীয় দফা রদবদল হলো। বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ থেকে বদলির আদেশ জারি করা হয়েছে। এর আগে গত ২৫ মার্চ আরেক দফা বড় রদবদল করেছিল শিক্ষা মন্ত্রণালয়। তবে রদবদল নিয়ে শিক্ষা প্রশাসনে বিশেষ বিসিএস শিক্ষা ক্যাডারের একটি অংশের মধ্যে অসন্তোষ আছে।

বৃহস্পতিবার সরকারী কলেজের অন্তত ১০৬ শিক্ষককে বদলি/পদায়ন এবং ওএসডি করেছে শিক্ষা মন্ত্রণালয়। তাদের মধ্যে কুমিল্লা বোর্ডের সচিব অধ্যাপক মোঃ আবদুস সালামকে একই শিক্ষা বোর্ডের চেয়ারম্যান পদে পদায়ন করা হয়েছে। এছাড়া ঢাকা শিক্ষা বোর্ডের সাবেক কলেজ পরিদর্শক থেকে ঢাকার বাইরে বদলি হওয়া অধ্যাপক ড. আশফাকুস সালাহীনকে বৃহস্পতিবার ১৫০০ কলেজ উন্নয়ন প্রকল্পের পরিচালক করা হয়েছে। আবুল কালাম আজাদকে পরিদর্শন ও নিরীক্ষা অধিদফতরের (ডিআইএ) উপ-পরিচালক করা হয়েছে।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) সদস্য অধ্যাপক ড. মিয়া ইনামুল হক (রতন সিদ্দিকী) সহ প্রতিষ্ঠানটির ১৩ কর্মকর্তাকে ওএসডি করা হয়েছে। অধ্যাপক ড. মিয়া ইনামুল হক ছাড়াও মাধ্যমিকের উর্ধ্বতন বিশেষজ্ঞ সহযোগী অধ্যাপক মোঃ আবদুর রহিম, মাধ্যমিকের সম্পাদক সহযোগী অধ্যাপক নূর মোহাম্মদ এবং বিশেষজ্ঞ সহযোগী অধ্যাপক হাসমত মনোয়ারকেও ওএসডি করা হয়েছে।

ওএসডি হওয়া কর্মকর্তাদের মধ্যে আরও আছেন এনসিটিবির গবেষণা কর্মকর্তা সহযোগী অধ্যাপক মোঃ আবু সালাহ, প্রাথমিক শাখার বিশেষজ্ঞ সহযোগী অধ্যাপক খ ম মঞ্জুরুল আলম, উপসচিব সহযোগী অধ্যাপক মোঃ সালাহ উদ্দিন, উর্ধ্বতন বিশেষজ্ঞ সহযোগী অধ্যাপক

চৌধুরী মুসাররাত হোসেন জুবেরী, উর্ধতন বিশেষজ্ঞ সহযোগী অধ্যাপক জাহিদ বিন মতিন এবং প্রাথমিক শাখার বিশেষজ্ঞ সহকারী অধ্যাপক মোঃ মোস্তফা সাইফুল আলম।

এছাড়া, গবেষণা কর্মকর্তা সহকারী অধ্যাপক মোঃ জিল্লুর রহমান, গবেষণা কর্মকর্তা সহকারী অধ্যাপক মোঃ আবদুল মুমিন মোসাব্বির, গবেষণা কর্মকর্তা সহকারী অধ্যাপক তৈয়বুর রহমানকে ওএসডি করা হয়েছে।

এদিকে পদোন্নতি পেয়েও শিক্ষা ভবনে ২০ হাজার টাকা কম বেতনে নিম্নপদে চাকরি করে আলোচিত হওয়া কর্মকর্তা মোঃ আফসার উদ্দীনকে ওএসডি করা হয়েছে। শিক্ষা অধিদফতরের এমপিও শাখায় কর্মরত ছিলেন তিনি। চার বছর আগে পদোন্নতি পেলেও সে পদে যোগ দেননি আফসার।

শিক্ষা অধিদফতরের কর্মচারী নিয়োগ পরীক্ষার ফল প্রকাশের নির্দেশ ॥ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের আওতায় থাকা বিভিন্ন সরকারী স্কুল-কলেজ এবং শিক্ষা সংশ্লিষ্ট অফিসের তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারী পদে নিয়োগ পরীক্ষার ফল প্রকাশের নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ থেকে এ সংক্রান্ত আদেশ জারি করা হয়েছে।

২০১৩ সালে এক হাজার ৯৬৫ জন কর্মচারী নিয়োগের বিজ্ঞপ্তি দেয়া হয়। লিখিত পরীক্ষা নেয়া হয় একই বছর। কিন্তু পরীক্ষায় ব্যাপক অনিয়ম দুর্নীতির অভিযোগ ওঠে। অভিযোগ ওঠে, প্রত্যেক প্রার্থীর কাছ থেকে বিভিন্ন অঙ্কের ঘুষ গ্রহণের মাধ্যমে নিয়োগ দেয়া হচ্ছে। অধিদফতরের একটি সিভিকিট এই টাকা সংগ্রহ করে। অধিদফতরের শীর্ষ কর্মকর্তাকেও দায়ী করা হয়। কিন্তু এসব অভিযোগ উপেক্ষা করে অধিদফতর। নিয়োগ প্রক্রিয়া চালিয়ে যাওয়ার উদ্যোগ নেয়। তবে অভিযোগ আমলে নিয়ে শিক্ষা মন্ত্রণালয় ওই নিয়োগ প্রক্রিয়া বাতিল করে দেয়।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com